বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ

শিক্ষার্থী নিবন্ধন প্রক্রিয়া

অনলাইন পোর্টালে শিক্ষার্থী নিবন্ধনের
প্রক্রিয়া সম্পর্কে ছবিসহ নির্দেশিকা

বেফাক পরীক্ষার্থী নিবন্ধন প্রক্রিয়া

অনলাইন পোর্টালে শিক্ষার্থী নিবন্ধনের চিত্রসহ নির্দেশিকা

ভূমিকা

বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ-এর অনলাইন পোর্টালের মাধ্যমে বেফাক পরীক্ষায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীর নিবন্ধন সম্পন্ন করা যায়। এই নির্দেশিকায় একজন শিক্ষার্থীর নিবন্ধন শুরু থেকে সম্পন্ন করা পর্যন্ত পুরো প্রক্রিয়াটি ধাপে ধাপে সহজ ও সুস্পষ্টভাবে উপস্থাপন করা হয়েছে।

শিক্ষার্থী নিবন্ধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

- জাতীয় পরিচয়পত্র (NID) অথবা জন্মনিবন্ধনের কপি।
- পাসপোর্ট সাইজের ছবি (ছাত্রীদের জন্য প্রযোজ্য নয়)।
- শিক্ষার্থীর স্বাক্ষর ও মুহতামিমের সিল-স্বাক্ষরসহ পূরণকৃত নিবন্ধন ফরম।
- ফযীলত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক—২০২৪ সনের পূর্বে বেফাক থেকে সানাবিয়া উলিয়া উত্তীর্ণ শিক্ষার্থীর নম্বরপত্র বা সনদ।
- ফযীলত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক—অন্য বোর্ড থেকে আগত ২০২৫ সনে সানাবিয়া উলিয়া উত্তীর্ণ শিক্ষার্থীর নম্বরপত্র বা সনদ।

১. অনলাইন পোর্টালে লগইন

পরীক্ষার্থী নিবন্ধনের জন্য প্রথমে বেফাকের অনলাইন পোর্টালে লগইন করতে হবে। মাদরাসার কোড ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করার পর ড্যাশবোর্ড প্রদর্শিত হবে।



চিত্র–১: মাদরাসার কোড ও পাসওয়ার্ড ব্যবহার করে অনলাইন পোর্টালে লগইন

২. পরীক্ষার্থী নিবন্ধন মেনুতে প্রবেশ

ড্যাশবোর্ডের মেনুবার থেকে “নিবন্ধন সংক্রান্ত” মেনুতে ক্লিক করুন। এরপর “পরীক্ষার্থী নিবন্ধন” সাবমেনুতে ক্লিক করুন। এতে পরীক্ষার্থী নিবন্ধনের মূল কার্যক্রমে প্রবেশ করা যাবে।



চিত্র–২: “নিবন্ধন সংক্রান্ত” মেনু ও “পরীক্ষার্থী নিবন্ধন” সাবমেনু

মোবাইল বা ছোট স্ক্রিনের ডিভাইসে মেনুগুলো হাইড অবস্থায় থাকতে পারে। এ ক্ষেত্রে উপরে থাকা থ্রি-লাইন (☰) আইকনে ক্লিক করে মেনুবারটি ওপেন করতে হবে।



চিত্র–৩: মোবাইল স্ক্রিনে ☰ আইকন



চিত্র–৪: মোবাইল স্ক্রিনে মেনুবার

৩. নিবন্ধনের প্রক্রিয়া শুরু

পরীক্ষার্থী নিবন্ধন পেজে প্রবেশ করার পর স্ক্রিনের ডান পাশে থাকা "নতুন নিবন্ধন" বাটনে ক্লিক করুন।



চিত্র–৫: "নতুন নিবন্ধন" বাটন

৪. মারহালা নির্বাচন

এরপর শিক্ষার্থীর মারহালা নির্বাচনের জন্য একটি পেজ প্রদর্শিত হবে। কাঙ্ক্ষিত মারহালার ডান পাশে থাকা "নিবন্ধন" বাটনে ক্লিক করুন।

গুরুত্বপূর্ণ: কোনো স্তরের মারকায নির্ধারিত না থাকলে "নিবন্ধন" বাটনটি সক্রিয় থাকবে না। সেক্ষেত্রে প্রথমে মারকায নির্বাচন করে আসতে হবে।



মারহালা	নিয়মিত ফি	অনিয়মিত ফি	বিলম্ব ফি (নিয়মিত)	বিলম্ব ফি (অনিয়মিত)	অ্যাকশন
সানাবিয়া	২০০৳	৩০০৳	৩০০৳	৪০০৳	নিবন্ধন
মুতাওয়াসসিতা	২০০৳	৩০০৳	৩০০৳	৪০০৳	নিবন্ধন
ইবতিদাইয়া	২০০৳	৩০০৳	৩০০৳	৪০০৳	নিবন্ধন
তাহফিজুল কুরআন	২০০৳	৩০০৳	৩০০৳	৪০০৳	কোনো মারকায নির্ধারিত নেই
ইলমুত তাজবীদ ওয়াল কিরাআত	২০০৳	৩০০৳	৩০০৳	৪০০৳	কোনো মারকায নির্ধারিত নেই

চিত্র–৬: স্তর অনুযায়ী মারহালা তালিকা এবং সক্রিয় ও নিষ্ক্রিয় "নিবন্ধন" বাটন

এরপর “পরীক্ষার তথ্য অনুসন্ধান” নামে একটি উইন্ডো প্রদর্শিত হবে। এখানে শিক্ষার্থীর ধরন অনুযায়ী নির্ধারিত নিয়ম অনুসরণ করে পরবর্তী ধাপে এগিয়ে যেতে হবে।

৫. পুরাতন শিক্ষার্থীর নিবন্ধন

পূর্বে বেফাকের পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ক্ষেত্রে—নিয়মিত ও অনিয়মিত উভয় শিক্ষার্থীর নিবন্ধনের জন্য প্রথমে মারহালা ও পরীক্ষার সন নির্বাচন করতে হবে।

1. শিক্ষার্থীর রোল নম্বর লিখুন।
2. শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখুন।
3. “অনুসন্ধান করুন” বাটনে ক্লিক করুন।

রোল ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে মিলে গেলে শিক্ষার্থীর বিগত পরীক্ষার তথ্য প্রদর্শিত হবে। প্রদর্শিত তথ্যগুলো ভালোভাবে যাচাই করে সঠিক থাকলে নিচে থাকা “নিবন্ধন করুন” বাটনে ক্লিক করতে হবে।



চিত্র–৭: নিয়মিত শিক্ষার্থীর বিগত পরীক্ষার তথ্য দিয়ে অনুসন্ধান ও তথ্য প্রদর্শন



চিত্র-৮: অনিয়মিত শিক্ষার্থীর বিগত পরীক্ষার তথ্য দিয়ে অনুসন্ধান ও তথ্য প্রদর্শন

৬. নতুন শিক্ষার্থীর নিবন্ধন

নতুন শিক্ষার্থীর ক্ষেত্রে “নতুন পরীক্ষার্থী নিবন্ধন” বাটনে ক্লিক করলেই নিবন্ধন ফরম প্রদর্শিত হবে।



চিত্র–৯: “নতুন পরীক্ষার্থী নিবন্ধন” বাটন

৭. ফযীলত মারহালার অন্য বোর্ডের পরীক্ষার্থীর নিবন্ধন

ফযীলত মারহালায় বিগত পরীক্ষার তথ্য অনুসন্ধান ব্যতীত নিবন্ধনের সুযোগ নেই। তবে ২০২৫ সনে আল-হাইআতুল উলয়ার অন্তর্ভুক্ত ৫ বোর্ডের সানাবিয়া উলিয়া উত্তীর্ণ পরীক্ষার্থীরা “অন্য বোর্ডের পরীক্ষার্থী নিবন্ধন” বাটনে ক্লিক করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।



চিত্র-১০: “অন্য বোর্ডের পরীক্ষার্থী নিবন্ধন” বাটন

নিয়মিত ও অনিয়মিত শিক্ষার্থীর নিবন্ধনের যোগ্যতা ও শর্তাবলি সম্পর্কে বিস্তারিত জানতে "নিবন্ধনের যোগ্যতা ও শর্তাবলি" দেখে নিতে হবে।

৫০তম কেন্দ্রীয় পরীক্ষা—১৪৪৮ হি./২০২৭ ঈ.-এর
নিবন্ধনের যোগ্যতা ও শর্তাবলি

শর্ত: (ক) পরীক্ষার্থীর আহলে সুন্নাহ ওয়াল জামাআতের আকিদা এবং দারুল উলুম দেওবন্দের আদর্শ, মূলনীতি, মত ও পথের অনুসারী হওয়া।

(খ) লেবাস-পোশাক, বেশভূষা, ও চাল-চলনে রাসুল সা.-এর সুন্নাতের ওপর কায়েম ও দায়েম থাকা।

(গ) বোর্ড কর্তৃক পরীক্ষাসংক্রান্ত নিয়ম-কানুন পূর্ণাঙ্গরূপে মেনে চলা।

মারহালা: ফযীলত

পরীক্ষার্থীর ধরন		যোগ্যতাসমূহ
নিয়মিত		(ক) ১৪৪৫ ও ১৪৪৬ হিজরি/২০২৪ ও ২০২৫ ঈসাব্দে বেফাক বোর্ড/আল-হাইআতুল উলয়ার অন্তর্ভুক্ত অন্য ৫ বোর্ডের সানাবিয়া উলিয়া (শরহে বেকায়া) মারহালায় উত্তীর্ণ পরীক্ষার্থী। (খ) ১৪৪৭ হিজরি/২০২৬ ঈসাব্দে বেফাক বোর্ডে সানাবিয়া উলিয়া (শরহে বেকায়া) মারহালায় 'অনিয়মিত যিমনি' পরীক্ষা দিয়ে উত্তীর্ণ পরীক্ষার্থী।
অনিয়মিত	যিমনি	১৪৪৬ ও ১৪৪৭ হিজরি/২০২৫ ও ২০২৬ ঈসাব্দে বেফাক বোর্ডে ফযীলত (মেশকাত) মারহালায় ১/২ বিষয়ে অকৃতকার্য হয়ে 'রাসিব' অথবা ১/২ বিষয়ে অনুপস্থিত কিংবা ১/২ বিষয় স্থগিত পরীক্ষার্থী। (শুধু ১/২ বিষয়ই পরীক্ষা দিতে হবে)
	মানোন্নয়ন	শুধু ১৪৪৭ হিজরি/২০২৬ ঈসাব্দে বেফাকের ফযীলত (মেশকাত) মারহালায় মুমতায বিভাগ ব্যতীত অন্য বিভাগে উত্তীর্ণ পরীক্ষার্থী। এ পরীক্ষার্থী ১৪৪৮ হিজরি সনে একই বছর তাকমীল পরীক্ষায় অংশ নিতে পারবে না।
	অন্যান্য	(ক) ১৪৪৫ হিজরি/২০২৪ ঈসাব্দের পূর্বে বেফাক বোর্ড/আল-হাইআতুল উলয়ার অন্তর্ভুক্ত অন্য ৫ বোর্ডের সানাবিয়া উলিয়া (শরহে বেকায়া) মারহালায় উত্তীর্ণ পরীক্ষার্থী। (খ) ১৪৪৬ ও ১৪৪৭ হিজরি/২০২৫ ও ২০২৬ ঈসাব্দে বেফাক বোর্ড হতে ফযীলত (মেশকাত) মারহালায় ২ (দুই)-এর অধিক বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত/স্থগিত পরীক্ষার্থী। (গ) শুধু ১৪৪৭ হিজরি/২০২৬ ঈসাব্দে বেফাকের ফযীলত (মেশকাত) মারহালায় যাদের খাতা 'যবত' হয়েছে, এমন পরীক্ষার্থী।

মারহালা: সানাবিয়া উলিয়া-ইলমুল কিরাআত

পরীক্ষার্থীর ধরন		যোগ্যতাসমূহ
নিয়মিত		নিয়মিত মাদরাসা কর্তৃক অনুমোদিত সকল পরীক্ষার্থী।
অনিয়মিত	যিমনি	সানাবিয়া উলিয়া হতে ইবতিদাইয়া পর্যন্ত ১৪৪৬ ও ১৪৪৭ হিজরি/২০২৫ ও ২০২৬ ঈসাব্দে বেফাক বোর্ড হতে সংশ্লিষ্ট মারহালায় ১/২ বিষয়ে অকৃতকার্য হয়ে 'রাসিব' অথবা ১/২ বিষয়ে অনুপস্থিত কিংবা ১/২ বিষয় স্থগিত পরীক্ষার্থী। (শুধু ১/২ বিষয়ই পরীক্ষা দিতে হবে)
	মানোন্নয়ন	সানাবিয়া উলিয়া হতে কিরাআত পর্যন্ত শুধু ১৪৪৭ হিজরি/২০২৬ ঈসাব্দে বেফাক বোর্ড হতে সংশ্লিষ্ট মারহালায় মুমতায বিভাগ ব্যতীত অন্য বিভাগে উত্তীর্ণ পরীক্ষার্থী।
	অন্যান্য	সানাবিয়া উলিয়া হতে ইবতিদাইয়া পর্যন্ত ১৪৪৫ ও ১৪৪৬ হিজরি/২০২৪ ও ২০২৫ ঈসাব্দে বেফাক বোর্ড হতে সংশ্লিষ্ট মারহালায় ২ (দুই)-এর অধিক বিষয়ে অকৃতকার্য অথবা অনুপস্থিত কিংবা স্থগিত পরীক্ষার্থী এবং তাহফিজুল কুরআন ও ইলমুত তাজবীদ ওয়াল কিরাআত-এর অকৃতকার্য পরীক্ষার্থী।

দ্রষ্টব্য: ১. নিবন্ধনের সকল তথ্য হুবহু জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পূরণ করতে হবে।

২. পরীক্ষার্থীর নিবন্ধন ফরম এবং জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্র অনলাইনে সাবমিট করতে হবে।

৩. ছাত্রদের ছবি আপলোড করতে হবে; ছবি ছাত্রীদের জন্য প্রযোজ্য নয়।

৪. ফযীলত মারহালার বেফাক ব্যতীত অন্যান্য বোর্ডের পরীক্ষার্থীর জন্য স্ব-স্ব বোর্ডের সানাবিয়া উলিয়া পাসের সনদ/নম্বরপত্রের সত্যায়িত কপি অনলাইনে সাবমিট করতে হবে।

৫. ইলমুত তাজবীদ ওয়াল কিরাআত মারহালায় ছাত্রদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য সানাবিয়া (কাফিয়া) কিংবা তদূর্ধ্ব এবং ছাত্রীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কুদূরী কিংবা তদূর্ধ্ব মারহালায় উত্তীর্ণের (প্রাতিষ্ঠানিক/বোর্ডের) ‘সনদ’ অথবা ‘নম্বরপত্র’ অনলাইনে সাবমিট করতে হবে।

৬. অনিয়মিত পরীক্ষার্থীরা মেধাস্থান প্রাপ্ত হবে না।

৭. শুধু অনিয়মিত যিমনি পরীক্ষার্থী ব্যতীত অন্য পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট মারহালার সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে এবং পরবর্তী মারহালার পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে মধ্যভাগে এক বছরের গ্যাপ প্রযোজ্য হবে।

গুরুত্বপূর্ণ সতর্কতা

বিগত পরীক্ষার তথ্য দিয়ে যারা নিবন্ধন করবেন, তাদের তথ্য যদি NID বা জন্মনিবন্ধনের তথ্যের সঙ্গে অমিল থাকে, তাহলে নিবন্ধনের পূর্বেই স্ব-স্ব বোর্ডে যোগাযোগ করে অবশ্যই তথ্য সংশোধন করে নিতে হবে। এছাড়া, বিগত পরীক্ষার তথ্যের ভিত্তিতে যেসব ঘর আগে থেকেই পূরণ করা থাকবে, সেগুলো পরিবর্তন করার সুযোগ থাকবে না।

৮. শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য পূরণ

নিবন্ধন ফরমের প্রতিটি ঘর সতর্কতার সঙ্গে পূরণ করতে হবে।

- নাম, পিতার নাম ও মাতার নাম বাংলা, আরবি ও ইংরেজিতে লিখতে হবে (জন্মনিবন্ধন/NID অনুযায়ী)।
- অভিভাবকের মোবাইল নম্বর প্রদান করতে হবে।
- নির্বাচিত পরিচয়পত্রের ধরন অনুযায়ী পরিচয়পত্রের নম্বর প্রদান করতে হবে।
- ড্রপডাউন তালিকা থেকে ধারাবাহিকভাবে বিভাগ, জেলা, থানা ও ডাকঘর নির্বাচন করতে হবে।
- গ্রাম বা হোল্ডিং-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

সব তথ্য পূরণ করা হলে “পরবর্তী” বাটনে ক্লিক করতে হবে।



চিত্র–১২: শিক্ষার্থীর তথ্য পূরণের নিবন্ধন ফরম

৯. বিষয় সেটআপ

সানাবিয়া উলিয়ার ছাত্রী, মুতাওয়াসসিতার ছাত্র ও ছাত্রী এবং ইবতিদাইয়ার ছাত্রদের ক্ষেত্রে পরবর্তী ধাপে বিষয় সেটআপ করার অপশন প্রদর্শিত হবে। এখানে ঐচ্ছিক বিষয়গুলো থেকে সংশ্লিষ্ট বিষয় নির্বাচন করতে হবে। বিষয় নির্বাচন সম্পন্ন হলে “পরবর্তী” বাটনে ক্লিক করতে হবে।



চিত্র–১৩: বিষয় সেটআপ ও মুতাওয়াসসিতার ঐচ্ছিক বিষয় নির্বাচন

১০. প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্তি

এরপর ডকুমেন্ট সংযুক্তির পেজ প্রদর্শিত হবে। এখানে শিক্ষার্থীর প্রয়োজনীয় ডকুমেন্টগুলো সংযুক্ত করতে হবে।

- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি।
- পরিচয়পত্রের কপি।
- শিক্ষার্থীর স্বাক্ষর ও মুহতামিমের সিল-স্বাক্ষরসহ পূরণকৃত নিবন্ধন ফরম।
- ফযীলত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক—২০২৪ সনের পূর্বে বেফাক থেকে সানাবিয়া উলিয়া উত্তীর্ণ শিক্ষার্থীর নম্বরপত্র বা সনদ; এবং অন্য বোর্ড থেকে আগত ২০২৫ সনে সানাবিয়া উলিয়া উত্তীর্ণ শিক্ষার্থীর নম্বরপত্র বা সনদ।

সব ডকুমেন্ট সঠিকভাবে সংযুক্ত করার পর "আমি নিশ্চিত করছি যে প্রদত্ত সকল তথ্য ও ডকুমেন্ট সঠিক"—এই ঘোষণার পাশে টিক চিহ্ন দিতে হবে। এরপর "পরবর্তী" বাটনে ক্লিক করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য: ছাত্রীদের ক্ষেত্রে পাসপোর্ট সাইজের ছবির প্রয়োজন নেই।

চিত্র–১৪: ডকুমেন্ট সংযুক্তির পেজ

১১. তথ্য যাচাই

এ পর্যায়ে পূর্বে প্রদান করা সকল তথ্য একনজরে দেখার জন্য একটি পেজ প্রদর্শিত হবে। নিবন্ধন সম্পন্ন করার আগে এখানে প্রদর্শিত সকল তথ্য ও সংযুক্ত ডকুমেন্ট ভালোভাবে যাচাই করে নিতে হবে। কোনো তথ্য সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট তথ্যের পাশে থাকা “সংশোধন করুন” বাটনে ক্লিক করতে হবে। প্রয়োজনীয় সংশোধন করার পর “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করতে হবে।



চিত্র–১৫: প্রিভিউ পেজ ও “সংশোধন করুন” বাটন

১২. নিবন্ধন সম্পন্ন করা

সব তথ্য ও ডকুমেন্ট ভালোভাবে যাচাই করে “আমি নিশ্চিত করছি যে উপরের সকল তথ্য ও ডকুমেন্ট সঠিক এবং আমি নিবন্ধন সম্পন্ন করতে সম্মত”—এই ঘোষণার পাশে টিক চিহ্ন দিতে হবে। এরপর “নিবন্ধন সম্পন্ন করুন” বাটনে ক্লিক করতে হবে।



চিত্র–১৬: চূড়ান্ত ঘোষণা ও “নিবন্ধন সম্পন্ন করুন” বাটন

১৩. নিবন্ধন সফল হওয়ার পর করণীয়

নিবন্ধন সফলভাবে সম্পন্ন হলে স্ক্রিনে নিবন্ধন সফল হওয়ার একটি নিশ্চিতকরণ বার্তা প্রদর্শিত হবে। এরপর সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে আবার "পরীক্ষার তথ্য অনুসন্ধান" পেজে নিয়ে আসবে।

একই মারহালার একাধিক শিক্ষার্থীর নিবন্ধন করতে হলে "পরীক্ষার তথ্য অনুসন্ধান" পেজ থেকেই ধারাবাহিকভাবে পরবর্তী শিক্ষার্থীর নিবন্ধন করা যাবে।

ভিন্ন মারহালার শিক্ষার্থীর নিবন্ধন করতে হলে নিচে থাকা "মারহালা তালিকায় ফিরে যান" বাটনে ক্লিক করতে হবে। এরপর কাঙ্ক্ষিত মারহালা নির্বাচন করে স্বাভাবিক প্রক্রিয়ায় নিবন্ধন সম্পন্ন করতে হবে।

ইতোমধ্যে নিবন্ধিত শিক্ষার্থীদের তালিকা দেখতে "পরীক্ষার্থী তালিকায় ফিরে যান" বাটনে ক্লিক করতে হবে। এতে নিবন্ধিত সকল শিক্ষার্থীর তালিকা প্রদর্শিত হবে।



চিত্র-১৭: নিবন্ধন সফল হওয়ার বার্তা এবং "পরীক্ষার্থী তালিকায় ফিরে যান" ও "মারহালা তালিকায় ফিরে যান" বাটন

১৪. পরীক্ষার্থী তালিকা ব্যবস্থাপনা

- পরীক্ষা, মারহালা, আবেদনের অবস্থা ও শিক্ষার্থীর ধরন—এসব ফিল্টার অপশন ব্যবহার করে প্রয়োজন অনুযায়ী শিক্ষার্থীর তালিকা দেখা যাবে।
- প্রয়োজনে "PDF ডাউনলোড" বাটনে ক্লিক করে ফিল্টার অনুযায়ী শিক্ষার্থীদের তালিকা PDF আকারে ডাউনলোড, প্রিন্ট ও সংরক্ষণ করা যাবে।
- কোনো শিক্ষার্থীর বিস্তারিত তথ্য দেখতে তালিকার ডান পাশে থাকা "বিস্তারিত" বাটনে ক্লিক করতে হবে। প্রয়োজন হলে "সংশোধন করুন" বাটনে ক্লিক করে তথ্য সংশোধন করে "সংরক্ষণ করুন" বাটনে ক্লিক করতে হবে।
- নিবন্ধনের সময় কোনো প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করা না হলে সংশ্লিষ্ট "সংযুক্তি" লেখা লাল রঙে প্রদর্শিত হবে। এতে ক্লিক করে প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করা যাবে।
- নিবন্ধিত শিক্ষার্থীর আবেদনের প্রুফ কপি প্রিন্ট বা সংরক্ষণ করতে তালিকার সর্বডানে থাকা ডাউনলোড আইকনে ক্লিক করতে হবে।



চিত্র–১৮: পরীক্ষার্থীর তালিকা পেজের ফিল্টার, PDF ডাউনলোড, বিস্তারিত, সংযুক্তি ও ডাউনলোড বাটন

বিশেষ নির্দেশনা: নিবন্ধন সম্পন্ন করার আগে শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য, পূর্ববর্তী পরীক্ষার তথ্য এবং সংযুক্ত ডকুমেন্টগুলো সতর্কতার সঙ্গে যাচাই করুন। ভুল বা অসম্পূর্ণ তথ্যের কারণে পরবর্তী কার্যক্রমে জটিলতা সৃষ্টি হতে পারে।